দৈনিক সংবাদ

তারিখ ... 24 NOV 1998 ...
পৃষ্ঠা ৭ কলাম ২

# লাইব্রেরি ওয়ার্ক করতে চাইলে

প্রসেনজিত সরকার

লাইব্রেরীকর্নার

আপনি লাইব্রেরি ওয়ার্ক করতে চান, অথচ কোন্ লাইব্রেরি কোথায় অবস্থিত সেটা ঠিকমত জানেন না। সে সমস্যা মিটাতেই নিচে বেশ কিছু লাইব্রেরির ঠিকানাসহ বিভিন্ন সুযোগ-সুবিধা তুলে ধরা হলঃ

❑ ভারতীয় দূতাবাস গ্রন্থাকার
৭৫৪, সাত মসজিদ সড়ক।
ধানমন্ডি, ঢাকা-১২০৫।

এখানে বাংলা, হিন্দি, উর্দু ও ইংরেজি ভাষার সাত-আট হাজার পাঠ্যপুস্তক ও অন্যান্য বই রয়েছে। আপনি রোব থেকে বৃহস্পতিবার সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা এই সময়ে পড়াশোনা করতে পারেন। সদস্য হওয়া লাগে না। এখান থেকে ভারতীয় ও আন্তর্জাতিক পত্র-পত্রিকাও পড়তে পারবেন। এ লাইব্রেরির উপরে মিলনায়তনে প্রতিদিনই সাংস্কৃতিক অনুষ্ঠান থাকে। ইচ্ছে করলে সন্ধ্যাবেলা তা উপভোগ করতে পারবেন। ভারতের বিশ্ববিদ্যালয়গুলোর ঠিকানা আপনি ইচ্ছে করলে সংগ্রহ করতে পারেন।

❑ জাতীয় গ্রন্থাগার
মাহবুব মোর্শেদসরণি।
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
(জাতীয় বেতার ভবনের পূর্বপার্শ্বে)

এখানে সদস্য হয়ে পড়াশোনা করতে হবে আপনাকে। এখানে পাঠ্য-পুস্তক ও অন্যান্য বিষয়ের কয়েক হাজার বই ও পত্রপত্রিকা, সাময়িকী রয়েছে। সরকারি ছুটিরদিনবন্ধ।

❑ গণ-উন্নয়ন গ্রন্থাগার,
বাড়ী নং-৩৯ (নতুন), সড়ক নং-১৪/৩ (নতুন)।
ধানমন্ডি, ঢাকা-১২০৯।


এখানে বার্ষিক চাঁদা দিয়ে সদস্য হতে হবে। চাঁদা মাত্র পঞ্চাশ টাকা। তবে সদস্য না হয়েও পড়াশোনা করতে পারেন। এখানে অবশ্য পরিবেশ, নারী ও শিশু, স্বাস্থ্য, মানবাধিকার প্রভৃতি বিষয়ক পত্রপত্রিকা, সাময়িকী, ভিডিও চিত্র, চলচ্চিত্র তৈরি হয়। এগুলোর পাশাপাশি বিভিন্ন বিষয়ের বইও রয়েছে। সরকারি ছুটির দিন বন্ধ থাকে।

❑ ব্যানবেইস লাইব্রেরি
১, সোনারগাঁও রোড,
পলাশী, ঢাকা-১২০৫।

শিক্ষা মন্ত্রণালয়ের এই লাইব্রেরির সদস্য হতে হয় না, তবে আপনি যে প্রতিষ্ঠানের সঙ্গে জড়িত, সেখানকার পরিচয়পত্র দেখাতে হবে। সরকারি অফিসের কার্যদিবস অনুযায়ী চলে কাজের সময়। এখানেও প্রচুর বই রয়েছে। নির্ঝঞ্ঝাট পরিবেশ।

❑ বৃটিশ কাউন্সিল লাইব্রেরি
৫, ফুলার রোড,
বিশ্ববিদ্যালয় আবাসিক এলাকা।
ঢাকা-১০০০।

এখানে সদস্য হতে হয়। ছাত্র-ছাত্রীদের কনসেশন মিলে। আপনার প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরসহ কাউন্সিলের প্রদেয় কার্ড পূরণ করে আপনাকে সদস্য হতে হবে। এ লাইব্রেরি থেকে আপনি পাঠ্য-পুস্তক ও অন্যান্য বিষয়ের বই এবং বৃটিশ পত্রপত্রিকা পড়তে পারেন। এখান থেকে আপনি পাবেন সর্বাধিক সুবিধে। কেননা আপনি ঘরে বসে ব্যবহার করতে পারবেন। এছাড়া হল মিলনায়তনে ফ্রি সিনেমা উপভোগ করতে পারবেন। তদুপরি ইংরেজি ভাষা শিক্ষার ব্যবস্থা রয়েছে। বৃটেনের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে পড়াশোনা করতে চাইলে তার পরামর্শও নিতে পারেন। ইন্টারনেটের সুবিধা রয়েছে। শুক্র-শনিবার বন্ধ।



❑ পাবলিক লাইব্রেরি
শাহবাগ, ঢাকা-১০০০।

পাবলিক লাইব্রেরি সম্বন্ধে কম- বেশি সবাই অবগত আছেন। তবুও জানাচ্ছি এখানে পড়াশোনা করতে হলে সদস্য হতে হয় না। এর দ্বিতলে কলা ও বাণিজ্য বিভাগের এবং ত্রিতলে বিজ্ঞান বিভাগের বই আছে। এছাড়া দেশী-বিদেশী পত্রিকা রয়েছে। এখানে পড়তে সদস্য হতে হয় না। এখান থেকে আপনার প্রয়োজনীয় বিষয়াদি জেরক্স করে নিতে পারেন। পাবলিক লাইব্রেরির নিচে শিশু পাঠাগার রয়েছে শিশুদের জন্য। সরকারি কর্মদিবসে কাজকর্ম চলে।

❑ এলিয়ঁস ফ্রঁসেস দ্য ঢাকা লাইব্রেরি
২৬, মীরপুর রোড, ঢাকা-১২০৫।

এখানে আপনি ফরাসি ভাষার বই পড়তে পারেন। তবে এজন্য আপনাকে ফরাসি ভাষা শিখতে হবে। আর তা এখানেই শেখার ব্যবস্থা রয়েছে। শুক্র, শনিবার বন্ধ।

❑ যুক্তরাষ্ট্রের তথ্য সরবরাহ সংস্থা লাইব্রেরি
বাড়ি নং-১০, সড়ক-২৬,
বনানী, ঢাকা-১২১২।

যুক্তরাষ্ট্রের দূতাবাসের এই লাইব্রেরিতে পড়াশোনা করতে আপনার প্রতিষ্ঠানের প্রধানের স্বাক্ষরসহ ইউসিস প্রদত্ত কার্ড পূরণ করে সদস্য হতে হবে। কোন অর্থের দরকার নেই। আপনি বৃটিশ কাউন্সিলে যেসব সুবিধাদি পাবেন এখানেও তা রয়েছে। যেমন- বাসায় বই-পত্র, ক্যাসেট নেয়া, সিনেমা দেখা, ইন্টারনেট সুবিধা ইত্যাদি। যুক্তরাষ্ট্রে পড়াশোনা সম্বন্ধে তথ্য জানতে পারবেন।

এছাড়াও আপনি যদি রুশ, দয়েৎস (জার্মান), ইরানি (পার্সি) প্রভৃতি ভাষায় পড়াশুনা, ভাষা, শিক্ষা, ঐসব দেশের সিনেমা দেখতে কিংবা ঐসব দেশে পড়াশোনা করতে যেতে চান তাহলে ধানমন্ডি এলাকায় অবস্থিত রাশান কালচারাল সেন্টার, গ্যেটে ইনস্টিটিউট, ইসলামি প্রজাতন্ত্র ইরানের দূতাবাসের সাংস্কৃতিক কেন্দ্রে খোঁজ নিতে পারেন।